




# Early Intervention Services in Washington State (ওয়াশিংটন রাজ্যে প্রাথমিক স্তরে সেবার)

## Family’s Guide (পারিবারিক নির্দেশনা)।

*Individuals with Disabilities Education Act (প্রতিবন্ধী শিক্ষা আইন (আইডিয়া (IDEA))*


Washington State Department of
CHILDREN, YOUTH & FAMILIES



আপনি যখন জানতে পারেন আপনার সন্তানের বিলম্ব হয়েছে, তখন আপনি অনেক কিছুই ভাবতে পারেন। আপনি ভয় পেতে পারেন, যা বলা হয়েছে তা আপনি বিশ্বাস নাও করতে পারেন বা এমনকি আপনি রাগান্বিত হতে পারেন। এগুলি অস্বাভাবিক অনুভূতি নয় এবং শুধুমাত্র আপনারই এমন হয় তা নয়। অন্যান্য পিতামাতাদেরও এমন অভিজ্ঞতা বা অনুভূতি হয়ে থাকে। রাজ্যব্যাপী এমন প্রোগ্রাম রয়েছে যার মাধ্যমে আপনি অন্যান্য অভিভাবকদের সাথে যুক্ত হতে পারবেন যাদের এমন অনুভূতি বা উদ্বেগ রয়েছে। আপনি আরও তথ্য এবং সাহায্যের জন্য এই বইয়ের পিছনে তালিকাভুক্ত অভিভাবক সহায়তা নম্বরগুলিতে কল করতে পারেন।

**অভিভাবক,**

*আমি জানি যদি আপনার কাছে এই পুস্তিকাটি থাকে, তাহলে সম্ভবত আপনার সন্তানের বিকাশ নিয়ে আপনার উদ্বেগ রয়েছে বা আপনাকে আপনার সন্তানের বিকাশে বিলম্ব হবে বলে জানানো হয়েছে।*

*আমার মনে আছে আমি কতটা হতবিহ্বল এবং বিভ্রান্ত ছিলাম যখন আমার মেয়ে, সুজি, তার বিকাশে বিলম্ব হওয়ায় টেস্ট করা হচ্ছিল। আমি পেশাদারদের ব্যবহৃত অনেক শব্দ বুঝতে পারতাম না, কীভাবে সেবা পেতে হয় তা জানতাম না।*

*যখন আমরা অনেক সহায়ক শিক্ষক এবং থেরাপিস্টের মাধ্যমে সেবাগুলি পেলাম, সত্যিই তার বিকাশে অগ্রগতি হয়েছিল। সে আজ যে অবস্থায় আছে তার জন্য আমি খুবই কৃতজ্ঞ কারণ সেই অল্প বয়সের গুরুতর অবস্থায় প্রাথমিক স্তরে চিকিৎসা পাওয়ার কারণেই এটি সম্ভব হয়েছে । এছাড়াও, অন্যান্য পিতামাতার সাথে যুক্ত হওয়া এবং তথ্য ভাগাভাগি করাও আমাদের পরিবারের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ ছিল।*

*আমি আশা করি আপনি এই পুস্তিকাটি সেবাগুলির জন্য একটি নির্দেশনা হিসাবে ব্যবহার করবেন এবং আপনার পরিবারের প্রয়োজনে সহায়তা করতে পারবেন।*

***Cassie, পিতামাতা***

# বিষয়বস্তু


ভূমিকা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . 2

প্রাথমিক স্তরে চিকিৎসা বলতে কি বোঝায়? . . . . . . . . . . . . . . . . . . . . 3

আমার সন্তানের বিকাশ সম্পর্কে যদি আমার প্রশ্ন থাকে তাহলে কি করব? . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . 4

Washington-এ কে প্রাথমিক স্তরের চিকিৎসা কে নিতে পারবে? . . . 5

এরপরে কি হবে? . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . 6

3 বছর বয়সে কি হয়? . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . 7

Individuals with Disabilities Education Act (প্রতিবন্ধী শিক্ষা আইন) (IDEA) এর অধীনে আমার অধিকারগুলি কী কী? (পদ্ধতিগত সুরক্ষাসমূহ) . . . . . . . . . . . . . . . . . 8

যদি আমি আমার সন্তানের বা পরিবারের সেবার বিষয়ে সিদ্ধান্তের সাথে একমত না হই? . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . 10

আমি আরও সাহায়তা বা তথ্যের জন্য কোথায় যেতে পারি? . . . . . . . 11

আমি কিভাবে আরো জড়িত হতে পারি? . . . . . . . . . . . . . . . . . . . . . . 12

ওটার মানে কি? (শব্দার্থ) . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . 13

স্বীকৃতি . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . 14




# ভূমিকা

*“আমার ছেলের বয়স যখন ছয় মাস, তখনও সে উঠে বসতে শেখেনি। আমি ভেবেছিলাম হয়তো আমি কিছু ভুল করছি। আমি তাকে আমাদের ডাক্তারের কাছে নিয়ে গিয়েছিলাম যিনি আমাকে একটি প্রাথমিক স্তরে চিকিৎসা প্রোগ্রামে যুক্ত হতে সাহায্য করেছিলেন। এখন আমার ছেলে সেবা পাচ্ছে যা সত্যিই সহায়ক ভূমিকা রাখছে। তার ভালো উন্নতি হয়েছে, এবং আমি কী করতে পারি সে সম্পর্কে আমি আরও শিখছি। আমি এখন জানি যে আমি আসলে এমন কিছু ভুল করিনি যে জন্য Ian অন্য বাচ্চাদের মতো দ্রুত করতে পারেনি।”*

***Heather, অভিভাবক***



**এই নির্দেশনার প্রাথমিক উদ্দেশ্য হলো** Infants and Toddlers (**শিশু ও বাচ্চাদের**) (ESIT) **এর জন্য** Washington State Department of Children, Youth, and Families (DCYF) Early Support (**ওয়াশিংটন রাজ্য বিভাগ শিশু; যুব ও পরিবার কে প্রাথমিক স্তরে চিকিৎসা) প্রোগ্রামের একটি ধারণা দেওয়া।** ESIT **প্রোগ্রামে আপনার পরিবার অংশগ্রহণ করবে কিনা এটি আপনার পছন্দ। যদি আপনার সন্তান** ESIT **প্রোগ্রামের উপযুক্ত বলে গণ্য হয়, তাহলে আপনার সন্তানের বিকাশে বিলম্বের সমাধানে আপনার শিশু এবং পরিবারের জন্য প্রাথমিক স্তরে চিকিৎসা নিতে পারবেন।**

**এই নির্দেশনা আপনাকে অভিভাবক হিসাবে আপনার কিছু অধিকারের তালিকা সহ রাজ্যব্যাপী** ESIT **প্রোগ্রাম সম্পর্কে সাধারণ এবং গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে। আপনার এবং আপনার পরিবারের জন্য উপলব্ধ পদ্ধতিগত নিরাপত্তা/পিতামাতার অধিকারগুলির একটি সম্পূর্ণ এবং আরও বিস্তারিতভাবে** "Individuals with Disabilities Education Act (IDEA) **(প্রতিবন্ধী শিক্ষা আইন (আইডিয়া) পার্ট সি পদ্ধতিগত নিরাপত্তা (পিতামাতার অধিকার)" নামে একটি পৃথক ডকুমেন্টে প্রদান করা হয়েছে। আপনি এই নির্দেশনাটি পড়ার সাথে সাথে, আপনার** family resources coordinator (FRC) **(পারিবারিক সংস্থান সমন্বয়কারী) বা** ESIT **প্রোগ্রামের কেউ প্রোগ্রাম সম্পর্কে আপনার যে কোনো প্রশ্নের উত্তর দিতে পারেন।**

**এই ডকুমেন্ট জুড়ে, প্রারম্ভিক স্তরের চিকিৎসায় ব্যবহৃত অনেক শব্দের ব্যবহার করা হয়েছে। আপনার যদি সেগুলির বিষয়ে প্রশ্ন থাকে এবং সংজ্ঞার প্রয়োজন হয়, তাহলে টার্মগুলির শব্দার্থের জন্য এই পুস্তিকাটির** 13 **পৃষ্ঠায় যান।**

## Washington State Early Support for Infants and Toddlers (ওয়াশিংটন স্টেটে শিশু এবং নবজাতকদের জন্য প্রাথমিক চিকিৎসা) (ESIT)

**পিতামাতা হিসাবে আপনি আপনার সন্তানের জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তি। শিশুরা তাদের প্রথম তিন বছরে দ্রুত বিকাশ লাভ করে এবং পরিবর্তন হয়। আপনার সন্তানের কথা চিন্তা করুন এবং সে কীভাবে বেড়ে উঠছে। আপনি আপনার সন্তানকে সবচেয়ে ভাল জানেন। কীভাবে এবং কখন আপনার শিশু হাসে, উঠে বসে, হাঁটে, কথা বলে বা কাপ ধরে এমন বিষয়গুলি লক্ষ্য করুন। আপনি যা দেখছেন তা হল আপনার শিশুর বিকাশের বিভিন্ন ধাপে কীভাবে বেড়ে উঠছে। যখন একটি শিশুর বিকাশে বিলম্ব হয়, রাজ্য জুড়ে সেবা পাবেন।** Washington State Early Support for Infants and Toddlers (ESIT) **(ওয়াশিংটন স্টেটে শিশু এবং নবজাতকদের জন্য প্রাথমিক চিকিৎসা) প্রোগ্রাম পরিবারগুলিকে এই সেবাগুলি পেতে সাহায্য করার জন্য একটি রাজ্যব্যাপী প্রচেষ্টার সমন্বয় করে।**

# প্রাথমিক স্তরে চিকিৎসা বলতে কি বোঝায়?

প্রাথমিক স্তরে চিকিৎসা সেবাগুলি হল বিকাশমূলক সেবা, যা জনসাধারণের তত্ত্বাবধানে এবং প্রাকৃতিক পরিবেশে প্রদান করা হয়। এগুলি যেসব শিশু বা ছোট বাচ্চাদের প্রয়োজন তাদের বিকাশের প্রয়োজন মেটানোর জন্য ডিজাইন করা হয়েছে এবং পিতামাতাদের তাদের সন্তানের বিকাশে সহয়তা ও শিখে সাহায্য করার জন্য ডিজাইন করা হয়েছে।

প্রাথমিক স্তরে চিকিৎসা (একটি শিশুর জীবনের প্রথম বছরে) আপনাকে সাহায্য করার মাধ্যমে একটি বড় পরিবর্তন আনতে পারে:

- আপনার সন্তানের জন্য আপনার প্রয়োজনীয় সেবাগুলি খুঁজুন।
- আপনার সন্তানের বিকাশের অবস্থা উপলব্ধি করুন।
- আপনার সন্তানের শিক্ষা লাভ ও বিকাশে এবং বাড়িতে এবং সম্প্রদায়ের কার্যকলাপে সফলভাবে অংশগ্রহণ করতে সহায়তা করুন।

## প্রাথমিক স্তরে চিকিৎসার উদ্দেশ্য কি?

প্রাথমিক স্তরে চিকিৎসা দেওয়ার উদ্দেশ্য হল দৈনন্দিন শিক্ষার সুযোগের মাধ্যমে বিকাশে বিলম্ব এবং প্রতিবন্ধী শিশুদের বিকাশের জন্য সমন্বয়, সহায়তা, সংস্থান এবং সেবা প্রদানের মাধ্যমে পারিবারিক সক্ষমতা তৈরি করা।

পরিবারগুলিকে তাদের সন্তানের যত্ন নিতে এবং পারিবারিক ও সম্প্রদায়ের কার্যকলাপে অংশগ্রহণ করতে সক্ষম করা, পরিবারগুলি করবে:

- তাদের অধিকার সম্পর্কে সচেতন থাকা।
- কার্যকরভাবে তাদের সন্তানের চাহিদা মেটাতে যোগাযোগ করা।
- তাদের সন্তানের বিকাশ এবং শিখতে সাহায্য করা।

বিভিন্ন সেটিংস এবং পরিস্থিতিতে শিশুদের সক্রিয় এবং সফল অংশগ্রহণকারী হতে সাহায্য করার জন্য, শিশুদের উন্নতি লক্ষ্য করা যাবে:

- ইতিবাচক সামাজিক-মানসিক দক্ষতা এবং সামাজিক সম্পর্ক।
- ভাষা এবং যোগাযোগ সহ জ্ঞান এবং দক্ষতা অর্জন এবং ব্যবহার।
- তাদের চাহিদা মেটাতে উপযুক্ত আচরণ করা।



## Individuals with Disabilities Education Act (IDEA) (প্রতিবন্ধী শিক্ষা আইন (আইডিয়া))

1986 সালে কংগ্রেস Individuals with Disabilities Education Act (IDEA) (প্রতিবন্ধী শিক্ষা আইন (আইডিয়া)) নামে পরিচিত আইনটি সংশোধন করে এবং প্রতিবন্ধী শিশুদের এবং তাদের পরিবারের জন্য প্রাথমিক স্তরে চিকিৎসা সেবাগুলির রাজ্যব্যাপী ব্যবস্থা বিকাশ এবং বাস্তবায়নে রাজ্যগুলিকে উত্সাহিত করার জন্য একটি প্রোগ্রাম তৈরি করে। আইনটি শিশু এবং প্রতিবন্ধী শিশুদের পরিবারগুলিতে সেবা প্রদানের ক্ষেত্রে রাজ্যের অনুসরণ করার জন্য স্ট্যান্ডার্ড নির্ধারণ করেছে। প্রতিটি রাজ্য প্রতি বছর সিদ্ধান্ত নেয় যে এটি IDEA দ্বারা সংজ্ঞায়িত প্রাথমিক স্তরে চিকিৎসা সেবা প্রদান করা চালিয়ে যেতে পারবে কিনা। Department of Children, Youth, and Families (DCYF) Early Support for Infants and Toddlers (ESIT) (শিশু এবং যুব, পারিবারিক বিভাগ (ডিসিওয়াইসি) শিশু ও নবজাতকদের জন্য প্রাথমিক চিকিৎসা) প্রোগ্রাম প্রাথমিক স্তরে সেবাগুলির রাজ্যব্যাপী ব্যবস্থার সমন্বয়কে নির্দেশনা প্রদান করে।

প্রারম্ভিক স্তরে চিকিৎসা সেবাগুলি প্রতিটি প্রযোজ্য শিশুর বিকাশের চাহিদা এবং শিশুর বিকাশ বৃদ্ধির সাথে সম্পর্কিত পরিবারের চাহিদা মেটাতে ডিজাইন করা হয়েছে।

আপনার যদি একজন সাংকেতিক ভাষার দোভাষীর প্রয়োজন হয়, তাহলে অবশ্যই একজন সরবরাহ করা হবে। আপনি যদি ইংরেজি বলতে না পারেন, তাহলে আপনার জন্য একজন দোভাষীর ব্যবস্থা করা হবে, যদি না এটি করা স্পষ্টভাবে সম্ভব না হয়।

# আমার সন্তানের বিকাশ সম্পর্কে যদি আমার প্রশ্ন থাকে তাহলে কি করব?

আপনার স্থানীয় এলাকায় প্রধান family resources coordinator (FRC) (পারিবারিক সংস্থান সমন্বয়কারী) কে কল করুন। FRC প্রতিটি কাউন্টি বা ভৌগলিক এলাকায় আছে। তাদের দায়িত্ব হল আপনার সন্তানের প্রয়োজন হতে পারে এমন প্রাথমিক স্তরে চিকিৎসা সেবা পেতে আপনার পরিবারকে সাহায্য করা। আপনার স্থানীয় প্রধান FRC-এর নাম জানতে, 1-800-322-2588 নম্বরে Family Health Hotline (পারিবারিক স্বাস্থ্য হটলাইন) এ নম্বরে কল করুন। আপনি আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগ বা স্কুল জেলাতেও কল করতে পারেন।

আপনার উদ্বেগ সম্পর্কে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন। তিনি একটি বাছাইকরণ টেস্ট বা অন্যান্য বিষয়ে পরামর্শ দিতে পারেন। আপনার যদি ডাক্তার না থাকে এবং আরও তথ্য বা সাহায্য চান, তাহলে উপরে তালিকাভুক্ত Family Health Hotline (পারিবারিক স্বাস্থ্য হটলাইন) নম্বরে কল করুন। প্রাথমিক স্তরে চিকিৎসা সেবা পেতে আপনার ডাক্তারের রেফারেলের প্রয়োজন নেই। আপনি একজন অভিভাবক হিসাবে নিজেকে রেফার করতে পারেন।

## বাছাইকরণ কি?

একটি বাছাইকরণ হল আপনার শিশু কীভাবে শিক্ষা লাভ করছে এবং বেড়ে উঠছে তা পর্যবেক্ষণ করা। আপনার সন্তানের বিকাশ কিভাবে হচ্ছে তা পর্য পর্যবেক্ষণ করার জন্য প্রশিক্ষিত ব্যক্তিদের দ্বারা  বাছাইকরণ করা হয়। যদি আপনার সন্তানের বিকাশ সম্পর্কে উদ্বেগ থাকে, তাহলে আপনার FRC কীভাবে আপনার সন্তানের জন্য মূল্যায়ন করা যায় সে সম্পর্কে তথ্য জানাবেন।



## মূল্যায়ন কি?

মূল্যায়নের মাধ্যমে আপনার সন্তানের বিকাশ সম্পর্কে গভীর ধারণা পাওয়া যায়। আপনার, আপনার সন্তান এবং প্রাথমিক স্তরে চিকিৎসা পেশাদারদের মাধ্যমে মূল্যায়ন করা হয়।

মূল্যায়নে বিকাশের এই ক্ষেত্রগুলিকে পর্যবেক্ষণ করে:

- জ্ঞানীয় - শেখার সক্ষমতা এবং আপনার শিশু কীভাবে শেখে
- শারীরিক - নড়াচড়া করা, দেখা এবং শোনার ক্ষমতা
- যোগাযোগ - ভাষা বোঝা এবং প্রয়োজন উপস্থাপন করার ক্ষমতা
- সামাজিক বা মানসিক - অন্যদের সাথে সম্পর্ক করার ক্ষমতা
- অভিযোজন দক্ষতা - পোশাক পরা, খাওয়া এবং নিজের যত্ন নেওয়ার সক্ষমতা।

আপনার সন্তান প্রাথমিক স্তরে চিকিৎসা সেবাগুলির জন্য উপযুক্ত কিনা তা নির্ণয় করার একটি উপায় হল মূল্যায়ন। মূল্যায়ন শুধুমাত্র আপনার লিখিত অনুমতি নিয়ে করা হবে এবং আপনার কোন ব্যয় হবে না

## মূল্যায়ন পরিকল্পনার জন্য টিপস:

- সাহায্যের জন্য আপনার family resources coordinator (FRC) (পারিবারিক সংস্থান সমন্বয়কারীকে) জিজ্ঞাসা করুন।
- আপনার সন্তানের বিকাশ সম্পর্কে আপনার যে কোনো প্রশ্ন বা উদ্বেগ উত্থাপন করুন।
- আপনি গুরুত্বপূর্ণ মনে করেন এমন সমস্ত তথ্য শেয়ার করুন: মেডিকেল রেকর্ড, একটি শিশুর বই, বৃদ্ধির চার্ট বা অন্যান্য রিপোর্ট।
- আপনার এবং আপনার পরিবারের জন্য কোন সময় বা অবস্থানগুলি প্রযোজ্য তা নির্ধারণ করুন।
- আপনি যদি চান তবে পরিবারের অন্যান্য সদস্য, বন্ধু বা সহায়তাকারী ব্যক্তিকে আমন্ত্রণ জানাতে পারেন।
- আপনার যদি কোনো দোভাষী বা অন্য সহায়তার প্রয়োজন হয় তাহলে আপনার FRC-কে জানান।

মূল্যায়নের পর, আপনি এবং দলের অন্যান্য সদস্যরা আপনার সন্তান কেমন করছে সে সম্পর্কে কথা বলবেন এবং কোনো উদ্বেগ থাকলে চিহ্নিত করবেন। বিলম্বের কোনো উপসর্গ থাকলে, আপনার শিশু প্রাথমিক স্তরে চিকিৎসা সেবাগুলির জন্য যোগ্য বলে বিবেচিত হতে পারে। আপনি এই সেবাগুলি গ্রহণ করবেন কিনা তা আপনি বেছে নিতে পারেন।

# Washington-এ কে প্রাথমিক স্তরের চিকিৎসা কে নিতে পারবে?

যোগ্য হওয়ার জন্য, একটি শিশুর অবশ্যই 25 শতাংশ বিলম্ব থাকতে হবে বা তার বয়স অনুযায়ী 1.5 স্ট্যান্ডার্ড কম বিচ্যুতি প্রদর্শন করতে হবে এক বা একাধিক বিকাশ সংশ্লিষ্ট ক্ষেত্রে। একটি শিশু যোগ্য হতে পারে যদি তার শারীরিক বা মানসিক অবস্থা থাকে, যেমন ডাউন সিনড্রোম, যা বিকাশে বিলম্বের কারণ।

## পর্যালোচনামূলক মূল্যায়ন?

পর্যালোচনামূলক মূল্যায়ন হল আপনার কাছ থেকে, অন্যরা যারা আপনার সন্তানকে চেনেন, এবং প্রাথমিক স্তরে চিকিৎসা প্রদানকারীরা অনেক সাধারণ রুটিন এবং কার্যকলাপে আপনার সন্তানের আচরণ এবং বিকাশ বোঝার জন্য পদ্ধতিগুলি থেকে তথ্য সংগ্রহ করা। একটি পর্যালোচনামূলক মূল্যায়ন থেকে জানা যায় কিভাবে আপনার শিশু নতুন দক্ষতা শিখে, সে কীভাবে অন্যদের সাথে সম্পর্ক তৈরি করে এবং সে কী পছন্দ করে সেইসাথে সে কোন ক্ষেত্রে হতাশা হয় বা চ্যালেঞ্জিং বলে মনে করে। পর্যালোচনামূলক মূল্যায়নের তথ্য আপনাকে এবং আপনার দলকে সিদ্ধান্ত নিতে সাহায্য করবে যে আপনি কোন ফলাফল (পরিবর্তন) নিয়ে কাজ করতে চান এবং সেবা ও সহায়তা সেই ফলাফলগুলি অর্জনে সহায়তা করতে পারে।

একটি পর্যালোচনামূলক মূল্যায়নের ফলাফল অর্জনে আপনার সন্তানের অগ্রগতি নির্ধারণ করার জন্য ব্যবহৃত চলমান পদ্ধতিগুলিও অন্তর্ভুক্ত রয়েছে এবং আপনি যে সেবাগুলি এবং সহায়তাগুলি পাচ্ছেন তা আপনার সন্তানের অগ্রগতিতে সহায়তা করছে তা নিশ্চিত করতে।



# এরপর কি হবে?

## Individualized Family Service Plan [স্বতন্ত্র পরিবার সেবা পরিকল্পনা (IFSP)]

উপযুক্ত হলে, আপনার সন্তান IDEA প্রাথমিক স্তরে চিকিৎসা সেবা পেতে পারে। আপনি আপনার family resources coordinator (FRC) (পারিবারিক সংস্থান সমন্বয়কারী) এবং অন্যান্য সেবা প্রদানকারীদের সাথে সাক্ষাৎ করবেন। আপনার পরিবার, অন্যদের সাথে, একটি পরিকল্পনা করবে, যাকে বলা হয় Individualized Family Service Plan (IFSP) (স্বতন্ত্র পরিবার সেবা পরিকল্পনা)। পরিকল্পনাটি আপনার পরিবারের উদ্বেগ, আগ্রহ এবং মূল্যবোধকে প্রতিফলিত করে তা নিশ্চিত করতে আপনার FRC-এর সহায়তা নিন।

আপনি যখন IFSP-এ সম্মত হলে এবং সেবাগুলিতে সম্মতি দিলে সেবাগুলি আরম্ভ হয়।

IFSP হল একটি চলমান প্রক্রিয়া যা আপনার সন্তান এবং পরিবারের পরিবর্তিত চাহিদা পূরণ করে। এটি কমপক্ষে প্রতি ছয় মাসে পর্যালোচনা করা হয় এবং বার্ষিক ভিত্তিতে পুনরায় লেখা হয়।



IFSP এর মধ্যে রয়েছে:

- **কাজের বর্তমান স্তর** - আপনার সন্তান বর্তমানে কেমন করছে।
- **একটি পারিবারিক জবানবন্দী হলো** - আপনার পরিবারের উদ্বেগ, অগ্রাধিকার এবং সংস্থানগুলির একটি বিবৃতি; আপনার পারিবারিক জবানবন্দী IFSP-এর একটি গুরুত্বপূর্ণ অংশ, কিন্তু আপনি না দেওয়া বেছে নিতে পারেন।
- **ফলাফল** - যে পরিবর্তনগুলি আপনি আপনার সন্তান এবং পরিবারের জন্য দেখতে চান।
- **প্রাথমিক স্তরে সেবাগুলির প্রয়োজনীয়তা** - কত ঘন ঘন এবং কতক্ষণ, কোথায় ঘটবে এবং কে তাদের জন্য অর্থ প্রদান করবে (অনেকগুলি বিভিন্ন উত্স প্রাথমিক স্তরে চিকিৎসা সেবাগুলির তহবিল)। আপনি যদি প্রারম্ভিক স্তরে চিকিৎসা প্রোগ্রামে অংশগ্রহণ করেন তবে আপনাকে যে সেবা দেওয়া হয় (পারিবারিক সংস্থান সমন্বয় ব্যতীত) আপনি তা গ্রহণ বা প্রত্যাখ্যান করতে পারেন।
- **প্রাকৃতিক পরিবেশ** - প্রাকৃতিক পরিবেশের একটি বিবৃতি যেখানে প্রাথমিক স্তরে চিকিৎসা সেবা প্রদান করা হবে। প্রাকৃতিক পরিবেশে সেবা প্রদান করা না হলে IFSP-তে অবশ্যই একটি লিখিতভাবে অন্তর্ভুক্ত করতে হবে।
- **সময়সীমা** - কখন সেবাগুলি শুরু হবে এবং শেষ হবে এবং কখন আপনি আবার আপনার পরিকল্পনাটি দেখবেন।
- **অন্যান্য যে সেবাগুলির প্রয়োজন যা IDEA-এর অধীনে অর্থায়ন করা হয় না** - যারা আপনাকে এই সেবাগুলি খুঁজে পেতে সাহায্য করতে পারে।
- **family resources coordinator (FRC) (পারিবারিক সংস্থান সমন্বয়কারী)** - আপনার পরিকল্পনায় নাম দিয়েছেন।
- **3 বছর বয়সের আগে একটি পরিবর্তন পরিকল্পনা** - আপনার সন্তানের বয়স 3 বছর হওয়ার পরে পরিষেবাগুলি সন্ধান করা এবং পরিকল্পনা করা।

আপনি মিটিংয়ে পরিবারের অন্যান্য সদস্য, বন্ধু বা সহায়তাকারী ব্যক্তিকে আমন্ত্রণ জানাতে পারেন। আপনার সন্তানের সম্পর্কে আপনি গুরুত্বপূর্ণ মনে করেন এমন যেকোনো তথ্য উত্থাপন করতে পারেন।

# 3 বছর বয়সে কি হয়?

আপনার সন্তানের বয়স 3 বছর হওয়ার কমপক্ষে ছয় থেকে নয় মাস আগে, আপনার family resources coordinator (FRC) (পারিবারিক সংস্থান সমন্বয়কারী) আপনাকে পরবর্তী সেবা প্রদানকারী বা আপনার সন্তানের সেবা প্রদানকারী সংস্থায় যাওয়ার পরিকল্পনা করতে সহায়তা করবে। এটি কোথায় এবং কিভাবে সেবা প্রদান করা হয় তা পরিবর্তন করতে পারে। প্রাথমিক স্তরে চিকিৎসায়, এই পরিবর্তনকে রূপান্তর বলা হয়। IDEA এর এই রূপান্তরের জন্য একটি লিখিত পরিকল্পনা প্রয়োজন। একটি রুপান্তর পরিকল্পনা মিটিং আপনার সন্তানের বয়স 3 বছর হওয়ার কমপক্ষে 90 দিন আগে হতে হবে। আপনার রুপান্তর পরিকল্পনা আপনার সন্তানের প্রয়োজন হতে পারে এমন বিশেষ শিক্ষা বা সম্প্রদায়-ভিত্তিক সেবাগুলি সনাক্ত করবে।

আপনার FRC আপনাকে একটি অনুমতি ফর্মে স্বাক্ষর করতে বলবে, যাতে পরবর্তী সংস্থা বা সেবা প্রদানকারীর সাথে পরিবর্তনের পরিকল্পনা করতে যোগাযোগ করা যেতে পারে। আপনার, আপনার FRC, সেবা প্রদানকারী(গুলি) এবং স্থানীয় স্কুল জেলার মধ্যে মিটিং করা হবে।

স্কুল জেলা নির্ধারণ করে যে আপনার সন্তান স্কুল-পূর্ব বিশেষ শিক্ষা সেবাগুলির জন্য যোগ্য কিনা। তারা আপনার সাথে তাদের টেস্টের ফলাফল নিয়ে আলোচনা করবে এবং আপনাকে আপনার অধিকার সম্পর্কে তথ্য দেবে। যদি আপনার সন্তানের জন্য প্রযোজ্য হয়, তবে তাদের সেবাগুলি Individualized Education Program (IEP) (স্বতন্ত্র শিক্ষা প্রোগ্রাম) এর মাধ্যমে প্রদান করা হবে।

আপনার সন্তান যদি বিশেষ শিক্ষা স্কুল-পূর্ব সেবাগুলির জন্য উপযুক্ত না হয় তবে আপনার FRC অন্যান্য সম্ভাব্য সেবাগুলিতে যাওয়ার পরিকল্পনা করতে আপনাকে সহায়তা করবে।

## রুপান্তর মিটিংয়ের টিপস:

- প্রস্তাবিত পরিবর্তন সম্পর্কে যতটা সম্ভব তথ্য সংগ্রহ করুন।
- সম্ভাব্য প্রোগ্রাম বিকল্প বা পছন্দ সম্পর্কে জিজ্ঞাসা করুন।
- নতুন প্রোগ্রামে পরিবারগুলিকে কী প্রশিক্ষণ এবং সহায়তা করে তা জিজ্ঞাসা করুন।
- পরিবর্তনের আগে নতুন প্রোগ্রাম দেখে নিন।
- লিখিত উপকরণের জন্য জিজ্ঞাসা করুন এবং নতুন প্রোগ্রামে প্রবেশ এবং অংশগ্রহণের পদ্ধতিগুলি জেনে নিন।
- নতুন প্রোগ্রামে আপনার সন্তান সম্পর্কে যতটা সম্ভব তথ্য প্রদান করুন।



# Individuals with Disabilities Education Act (IDEA) (প্রতিবন্ধী শিক্ষা আইন (আইডিয়া)) এর অধীনে আমার অধিকারগুলি কী কী?

*(পদ্ধতিগত সুরক্ষাসমূহ)*

বেশিরভাগ আইন নাগরিকদের অধিকার সংরক্ষণ করে এবং IDEA এর থেকে আলাদা নয়। আপনার family resources coordinator (FRC) (পারিবারিক সংস্থান সমন্বয়কারী) আপনাকে "Individuals with Disabilities Education Act (IDEA) (প্রতিবন্ধী শিক্ষা আইন (আইডিয়া)) পার্ট সি পদ্ধতিগত সুরক্ষা (পিতা-মাতার অধিকার)" প্রদান করবে যেখানে আপনার অধিকারের বিস্তারিত রয়েছে।

## IDEA এর অধীনে আপনার অধিকারের উদাহরণগুলি হলো:

- আপনার সন্তানের জন্য মূল এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণকারী হওয়া।
- অ্যাক্সেস সেবায় রয়েছে:
  - উদ্বেগে/শিশু লক্ষ্য করা গেলে তার প্রাথমিক সনাক্তকরণ
  - একটি সময়োপযোগী বহুমাত্রিক মূল্যায়ন এবং পর্যালোচনামূলক মূল্যায়ন
  - আপনার সন্তানের জন্য উপযুক্ত কিনা তা নির্ধারণ
  - পারিবারিক সম্পদ সমন্বয়কারী/সমন্বয়

## আপনার সন্তান উপযুক্ত হলে, আপনার অধিকার আছে:

- একটি Individualized Family Service Plan (IFSP) (পারিবারিক চিকিৎসা পরিকল্পনা)।
- আপনার সন্তানের তৃতীয় জন্মদিন পর্যন্ত FRC-এর সাথে চলমান পারিবারিক সম্পদ সমন্বয়।
- একটি ভিন্ন পারিবারিক সংস্থান সমন্বয়কারীর (FRC) জন্য বলা।
- আপনার সন্তানের বিকাশের সাথে সম্পর্কিত প্রাথমিক স্তরে চিকিৎসা সেবাগুলি গ্রহণ করা।
- আপনার সন্তান এবং পরিবার IFSP প্রক্রিয়ার মাধ্যমে নির্ধারিত সেবাগুলি গ্রহণ বা প্রত্যাখ্যান করা।
- IFSP টিমের প্রস্তাবিত কিছু সেবা প্রত্যাখ্যান করা এবং এখনও অন্যান্য সেবাগুলি (FRC সেবাগুলি ছাড়া) নেওয়া।
- আপনার সন্তানের প্রাথমিক স্তরে চিকিৎসা সেবা এবং সেবাগুলি দেওয়ার বিষয়ে পরিবর্তন সংক্রান্ত সমস্ত মিটিংয়ে অংশগ্রহণ করা।
- আপনার পরিবারের সাথে সম্মত সময়ে এবং জায়গায় মিটিং করা।
- নোটিশ এবং IFSP ডকুমেন্টগুলি আপনার মাতৃভাষায় বা আপনার বাড়িতে ব্যবহৃত হওয়া যোগাযোগের মাধ্যমে পাওয়া।





## আপনার সন্তানের প্রাথমিক স্তরে চিকিৎসা রেকর্ড সংক্রান্ত সুরক্ষাও রয়েছে। আপনার অধিকারে মধ্যে রয়েছে:

- রেকর্ড পর্যালোচনা করা এবং রেকর্ড সংশোধনের অনুরোধ করা।
- রেকর্ডের কপি গ্রহণ করা।
- প্রোগ্রামে সংগৃহীত, রক্ষণাবেক্ষণ বা ব্যবহার করা রেকর্ডের ধরন এবং অবস্থান সম্পর্কে অবহিত হওয়া, প্রোগ্রামে কার সেই রেকর্ডগুলিতে অ্যাক্সেস রয়েছে এবং যখন তারা সেই রেকর্ডগুলি দেখেন সে সম্পর্কে অবগত হওয়া।
- কে রেকর্ড বা রেকর্ডের কপি দেখেছেন সে সম্পর্কে তথ্যের জন্য অনুরোধ করা।
- আপনি যদি মনে করেন যে রেকর্ডে তথ্য ভুল বা বিভ্রান্তিকর বা আপনার সন্তান বা পরিবারের গোপনীয়তা বা অধিকার লঙ্ঘন করে তবে চ্যালেঞ্জ করা। আপনার সন্তানের প্রাথমিক স্তরে চিকিৎসার রেকর্ডে অন্যান্য বিষয়ের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:
  - বাছাইকরণ রিপোর্ট
  - মূল্যায়ন রিপোর্ট
  - পর্যলোচনামূলক মূল্যায়ন
  - উপযুক্ততা মূল্যায়ন করা
  - সমস্ত তথ্য যা IFSP-এর অংশ

## আপনার পরিবারের তথ্য গোপন থাকবে। আপনার যে অধিকার রয়েছে

- ব্যক্তিগত এবং সনাক্তযোগ্য তথ্যের গোপনীয়তা সহ:
  - আপনার শিশুর নাম, আপনার নাম, অথবা পরিবারের অন্যান্য সদস্যের নামগুলি।
  - আপনার শিশুর ঠিকানা।
  - যেকোনো ব্যক্তিগত বৈশিষ্ট্য বা অন্যান্য তথ্য যা নিশ্চিতরূপে আপনার শিশুকে সনাক্ত করতে সক্ষম।
- কীভাবে গোপনীয়তা সুরক্ষিত হয় সে সম্পর্কে স্থানীয় নীতি এবং পদ্ধতির বিষয়ে অনুরোধ করুন।
- তথ্য বিনিময় বা রেকর্ড বা ভাগাভাগি করে নেওয়ার জন্য অবহিত লিখিত সম্মতি দিন।

পিতামাতা/পারিবারিক অধিকার ছাড়াও, সন্তানদের একজন প্রতিনিধি পিতামাতার অধিকার রয়েছে যদি:

- কোনো অভিভাবককে চিহ্নিত করা হবে না।
- সেবা প্রদানকারী/পাবলিক এজেন্সি, যুক্তিসঙ্গত প্রচেষ্টার পরে, পিতামাতাকে সনাক্ত করা যায় না।
- শিশুটি রাজ্যের তত্ত্বাবধানে।



# যদি আমি আমার সন্তানের বা পরিবারের সেবার বিষয়ে সিদ্ধান্তের সাথে একমত না হই?

সমস্যাটি সম্পর্কে আপনার family resources coordinator (FRC) (পারিবারিক সংস্থান সমন্বয়কারীকে) সাথে কথা বলুন। যদি এটি না করতে পারেন বা আপনি আরামদায়কবোধ না করেন, তাহলে আপনি নিম্নলিখিত বিকল্পগুলির যেকোনো একটি বা সবগুলি ব্যবহার করতে বেছে নিতে পারেন:


- **মধ্যস্থতা** - একটি বিরোধ সমাধানে সাহায্য করার জন্য আপনাকে বিনা মূল্যে মধ্যস্থতাকারী প্রদান করা হবে। একটি আনুষ্ঠানিক প্রশাসনিক শুনানির বিকল্প হিসাবে মধ্যস্থতাকারী দেওয়া হয়। মধ্যস্থতা একটি স্বেচ্ছাসেবামূলক প্রক্রিয়া।
- **আইনি সহায়তামূলক সেবা** - এগুলি এমন প্রোগ্রাম যা আপনাকে তথ্য দেবে এবং কীভাবে সমস্যার সমাধান করতে হবে তার পরিকল্পনা করতে সহায়তা করবে। একটি আইনি সহায়তামূলক সংস্থা হল PAVE (পৃষ্ঠা 11 দেখুন)। আপনার FRC আপনাকে আপনার এলাকায় আইনি সহায়তামূলক সেবা সম্পর্কে তথ্য প্রদান করবে।
- **প্রয়োজনীয় শুনানি (কার্যধারা)** - এটি একটি প্রশাসনিক শুনানি অফিসার দ্বারা পরিচালিত আনুষ্ঠানিক শুনানি বা কার্যধারা। একটি প্রশাসনিক শুনানির জন্য একটি অনুরোধ লিখিত হতে হবে এবং অভিযোগ অন্তর্ভুক্ত করতে হবে। প্রাথমিক স্তরে চিকিৎসা সেবা প্রদানকারীর পরিচালক বা আপনার স্থানীয় প্রাথমিক স্তরে চিকিৎসা সেবা ঠিকাদারকে অনুরোধ করা। আপনার FRC আপনাকে তাদের নাম এবং ঠিকানা দিতে পারে অথবা আপনি **esit@dcyf.wa.gov** এ ইমেল করতে পারেন এবং সাহায্য চাইতে পারেন।

যেকোন অভিভাবক, অন্য ব্যক্তি বা সংস্থা একটি প্রশাসনিক অভিযোগ দায়ের করতে পারে যদি তারা মনে করে যে একটি সংস্থা বা প্রাথমিক স্তরে চিকিৎসা সেবা প্রদানকারী আইনের প্রয়োজনীয়তা লঙ্ঘন করছে। অভিযোগ হবে লিখিত, স্বাক্ষর করা এবং অভিযোগ সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত করতে হবে।

অভিযোগটি দায়ের করুন:

**Department of Children, Youth, and Families (DCYF)**
**Early Support for Infants and Toddlers (শিশু এবং যুব, পারিবারিক বিভাগ (ডিসিওয়াইসি) শিশু ও নবজাতকদের জন্য প্রাথমিক চিকিৎসা)**
PO Box 40970
Olympia, WA 98504-0970

অভিযোগটি পর্যালোচনা করা হবে এবং 60 দিনের মধ্যে একটি লিখিত জবাব দেওয়া হবে।



# আমি আরও সাহায্য বা তথ্যের জন্য কোথায় যেতে পারি?

নিম্নলিখিত সংস্থা এবং গোষ্ঠীগুলি আরও তথ্য, সহায়তা এবং সহায়তা প্রদান করতে পারে:

### Family Health Hotline (পারিবারিক স্বাস্থ্য হটলাইন)

1-800-322-2588

**www.withinreachwa.org**

এই হটলাইনটি family resources coordinator (FRC) (পারিবারিক সংস্থান সমন্বয়কারীকে) সহ সরকারী এবং ব্যক্তিগত প্রাথমিক স্তরে চিকিৎসা সংস্থানগুলির বর্তমান তথ্য সংরক্ষণ করে। এখানে Washington-এ উপলব্ধ টিকাদান, পুষ্টি এবং অন্যান্য শিশুদের স্বাস্থ্য সেবা সম্পর্কে তথ্যও অন্তর্ভুক্ত রয়েছে।

---

### Department of Children, Youth, and Families (DCYF) Early Support for Infants and Toddlers (শিশু এবং যুব, পারিবারিক বিভাগ (ডিসিওয়াইসি) শিশু ও নবজাতকদের জন্য প্রাথমিক চিকিৎসা) প্রোগ্রামের

ইমেইল: **esit@dcyf.wa.gov**

**www.dcyf.wa.gov**

IDEA, পার্ট সি প্রাথমিক চিকিৎসা সেবাগুলির রাজ্যব্যাপী ব্যবস্থাকে নির্দেশ করে।

---

### অভিভাবক থেকে অভিভাবক

1-800-821-5927

**www.arcwa.org**

একটি রাজ্যব্যাপী অভিভাবক নেটওয়ার্ক যা অভিভাবকদের মানসিক সহায়তা এবং তথ্য প্রদান করে যাদের ছোট শিশু প্রতিবন্ধী বা বিকাশমূলক বিলম্ব রয়েছে।

### Washington State (ওয়াশিংটন রাজ্য) এ বাবাদের নেটওয়ার্ক

425-747-4004 ext. 218

**https://fathersnetwork.org**

বিশেষ চাহিদাসম্পন্ন শিশু আছে এমন সমস্ত পুরুষ এবং পরিবারের পক্ষকে আইনি সহায়তা করে এবং সহায়তা এবং সংস্থান সরবরাহ করে।

---

### Washington PAVE (Partnerships for Action, Voices for Empowerment (কার্যক্রমের অংশীদারিত্ব, ক্ষমতায়নের জন্য কণ্ঠস্বর))

1-800-5PARENT

**wapave.org**

একটি রাজ্যব্যাপী অভিভাবক প্রশিক্ষণ এবং তথ্য কেন্দ্র যে সমস্ত পরিবারকে প্রাপ্তবয়স্ক হওয়ার মধ্য দিয়ে জন্মের সময় প্রতিবন্ধী শিশু রয়েছে তাদের সহায়তা প্রদান করে।



# আমি কিভাবে আরো জড়িত হতে পারি?

আপনার সন্তানের প্রোগ্রাম এবং সেবাগুলির পরিকল্পনা এবং বিকাশে আপনার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আপনার সম্প্রদায় কীভাবে সেবাগুলি প্রদান করে তার পরিকল্পনাতেও আপনি অংশ নিতে পারেন।

এই পরিকল্পনাটি County Interagency Coordinating Councils (CICCs) (কাউন্টি ইন্টারএজেন্সি সমন্বয় পরিষদ)-এর মাধ্যমে করা হয়। প্রতিটি CICC-এর কাউন্সিলে সদস্য হিসাবে পিতামাতা থাকা আবশ্যক। অন্যান্য সকল সদস্যের সাথে, অভিভাবকরা কীভাবে সেবাগুলি সর্বোত্তমভাবে ঘটতে পারে তা নির্ধারণ করতে সহায়তা করে। CICC মিটিং জনসাধারণের জন্য উন্মুক্ত।

এছাড়াও একটি State Interagency Coordinating Council (SICC) (রাজ্য ইন্টারএজেন্সি সমন্বয় পরিষদ) রয়েছে। এই কাউন্সিলে পিতামাতার প্রতিনিধিত্ব থাকতে হবে। SICC মিটিং জনসাধারণের জন্য উন্মুক্ত। মিটিংয়ের সময় এবং অবস্থান সম্পর্কে আরও তথ্যের জন্য আপনার পারিবারিক সংস্থান সমন্বয়কারী, ESIT-এর সাথে যোগাযোগ করুন বা **www.dcyf.wa.gov** এ ওয়েবসাইট দেখুন।

এই পুস্তিকাটি হল Washington State Early Support for Infants and Toddlers (ওয়াশিংটন রাজ্যে প্রাথমিক স্তরে শিশু ও নবজাতকদের চিকিৎসা সেবা) প্রোগ্রামের সারাংশ। IDEA-এর অধীনে Washington এর অনুমোদিত পরিকল্পনার সম্পূর্ণ বিবরণের জন্য বা আপনার CICC বা SICC সম্পর্কে আরও তথ্যের জন্য, **esit@dcyf.wa.gov** এ Washington State Early Support for Infants and Toddlers (ওয়াশিংটন রাজ্যে প্রাথমিক স্তরে শিশু ও নবজাতকদের চিকিৎসা সেবা) প্রোগ্রামের সাথে যোগাযোগ করুন।

**www.dcyf.wa.gov**



# ওটার মানে কি? (শব্দার্থ)

**Family Centered Care (পরিবার কেন্দ্রিক সেবা)**
নীতি যা পিতামাতাকে সিদ্ধান্ত গ্রহণকারী হিসাবে প্রাধান্য দেয় এবং পিতামাতা/পেশাদার অংশীদারিত্ব তৈরি করে।

**Individualized Family Service Plan (IFSP) (স্বতন্ত্র পারিবারিক চিকিৎসা পরিকল্পনা)**
প্রযোজ্য  শিশু এবং পরিবারগুলিকে প্রাথমিক স্তরে চিকিৎসা এবং অন্যান্য সেবা প্রদানের জন্য লিখিত পরিকল্পনা যা: (1) পরিবার এবং উপযুক্ত পেশাদারদের দ্বারা যৌথভাবে তৈরি; (2) একটি বহুবিভাগীয় মূল্যায়ন এবং শিশু এবং পরিবারের মূল্যায়নের উপর ভিত্তি করে; (3) পরিবারের ইচ্ছা থাকলে সম্পদ, অগ্রাধিকার এবং উদ্বেগের একটি পরিবার নির্দেশিত বিবৃতি আছে; এবং (4) শিশুর বিকাশ এবং তার উন্নয়নমূলক চাহিদা মেটাতে পরিবারের সক্ষমতা বাড়ানোর জন্য প্রয়োজনীয় সেবাগুলি অন্তর্ভুক্ত করে।

**প্রশাসনিক শুনানি**
একজন নিরপেক্ষ ব্যক্তি, একজন শুনানি কর্মকর্তার সাথে একটি আনুষ্ঠানিক প্রক্রিয়া, যিনি পিতামাতা/পরিবার এবং সংস্থার প্রমাণ এবং যুক্তি শোনেন এবং সিদ্ধান্ত নেন কে সঠিক এবং কাকে কি করতে হবে।

**পর্যানাচলামূলক মূল্যায়ন**
একটি শিশুর প্রাথমিক স্তরে চিকিৎসার অভিজ্ঞতা জুড়ে যোগ্য পেশাদারদের দ্বারা ব্যবহৃত চলমান পদ্ধতিগুলি তার অনন্য প্রয়োজনগুলি সনাক্ত করতে; পরিবারের সম্পদ, অগ্রাধিকার এবং তার উন্নয়ন সম্পর্কিত উদ্বেগ; এবং এই চাহিদাগুলি পূরণের জন্য প্রয়োজনীয় প্রাথমিক স্তরে চিকিৎসা সেবাগুলির প্রকৃতি এবং ব্যাপ্তি।

**সহায়ক প্রযুক্তি ডিভাইস**
আপনার সন্তানের করার ক্ষমতা বাড়াতে, ধরে রাখতে বা উন্নত করতে ব্যবহৃত যেকোন আইটেম, সরঞ্জামের টুকরো বা পণ্য ব্যবস্থা (উদাহরণস্বরূপ; খাওয়া, যোগাযোগ করা, সরানো)।

**সহায়ক প্রযুক্তি ডিভাইস**
একটি সেবা যা একটি প্রতিবন্ধী শিশুকে একটি সহায়ক প্রযুক্তি ডিভাইস নির্বাচন, পেতে বা ব্যবহার করতে সরাসরি সহায়তা করে।

**শিশুর ফলাফল**
প্রাথমিক সনাক্তকরণ, বাছাইকরণ, রেফারেল এবং প্রাথমিক সেবা সমন্বয় অন্তর্ভুক্ত।

**প্রাথমিক স্তরে চিকিৎসা**
সরকারী এবং বেসরকারী সংস্থাগুলির দ্বারা প্রদত্ত সেবাগুলির নেওয়া এবং আইন অনুসারে ডিজাইন করা যোগ্য শিশু এবং পরিবারগুলিকে জন্ম থেকে 3 বছর বয়স পর্যন্ত একটি শিশুর বৃদ্ধি এবং বিকাশের সম্ভাবনা বাড়াতে সহায়তা করার জন্য।

**মূল্যায়ন**
একটি শিশুর প্রাথমিক এবং অব্যাহত সক্ষমা নির্ধারণের জন্য যোগ্য পেশাদারদের ব্যবহৃত পদ্ধতি, যা সমস্ত শিশু বিকাশের ক্ষেত্রগুলি বা বাচ্চাদের অবস্থা নির্ধারণের উপর মনোনিবেশ করে; জ্ঞান, সামাজিক/মানসিক, শারীরিক (দৃষ্টি এবং শ্রবণ সহ), যোগাযোগ এবং অভিযোজন।

**পরিবারে জবানবন্দী**
Individualized Family Service Plan (IFSP) এর বিষয়ে পরিবারের উদ্বেগ, অগ্রাধিকার এবং সংস্থানগুলির একটি পরিবার নির্দেশিত বিবৃতি।

**প্রতিবন্ধী শিশু ও বাচ্চা**
জন্ম থেকে 3 বছর বয়সী শিশু যারা প্রাথমিক স্তরে চিকিৎসা সেবাগুলির জন্য যোগ্য কারণ তারা নিম্নলিখিত এক বা একাধিক ক্ষেত্রে 1.5 স্ট্যান্ডার্ড বিচ্যুতি বা কমপক্ষে 25 শতাংশ বিকাশমূলক বিলম্ব লক্ষ্য করা গেছে: জ্ঞান, শারীরিক, যোগাযোগ, সামাজিক/মানসিক বা অভিযোজন; অথবা একটি নির্ণয় করা শারীরিক বা মানসিক অবস্থা আছে যার ফলে বিকাশে বিলম্ব হওয়ার বেশি সম্ভাবনা রয়েছে।

**মধ্যস্থতা**
একটি অনানুষ্ঠানিক প্রক্রিয়া যেখানে একজন প্রশিক্ষিত, নিরপেক্ষ ব্যক্তি দ্বন্দ্বে থাকা পক্ষগুলিকে তাদের মতভেদ দূর করতে এবং সব পক্ষের কাছে সন্তোষজনক সমাধান খুঁজে পেতে সহায়তা করতে পারে।

**বহুবিভাগীয়**
মূল্যায়ন ও পর্যালোচনামূলক মূল্যায়ন কার্যক্রম সহ সম্পর্কিত ও সমন্বিত সেবাগুলির বিধান এবং IFSP-এর উন্নয়নে দুই বা ততোধিক শৃঙ্খলা বা পেশার সম্পৃক্ততা।

**প্রাকৃতিক পরিবেশ**
শিশুর বয়সের সহকর্মীদের জন্য প্রকৃতিক বা স্বাভাবিক সেটিংস যারা প্রতিবন্ধী নই। এর মধ্যে বাড়ি, পাড়া বা সম্প্রদায়ের সেটিংস অন্তর্ভুক্ত থাকতে পারে।

**ফলাফল**
প্রাথমিক স্তরে চিকিৎসা সেবাগুলির ফলে আপনি আপনার সন্তান বা পরিবারে যে পরিবর্তনগুলি দেখতে চান তার বিবৃতি। এগুলি আপনার IFSP এর অংশ।

**বাছাইকরণ**
আরও মূল্যায়ন প্রয়োজন কিনা তা দেখতে আপনার সন্তানের বিকাশ সম্পর্কে একটি দ্রুত চেকলিস্ট বা সমীক্ষা।

**প্রতিনিধিত্বকারী অভিভাবক**
সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়ায় একটি শিশুর অধিকার রক্ষায় পিতামাতা বা আইনী অভিভাবকের জায়গায় কাজ করার জন্য স্থানীয় বা রাষ্ট্রীয় সংস্থা দ্বারা নিযুক্ত একজন ব্যক্তি।

**রূপান্তর পরিকল্পনা**
3 বছর বয়সে প্রাথমিক স্তরে চিকিৎসা সেবা ছেড়ে যাওয়ার সময় আপনার সন্তানের জন্য তৈরি পরিকল্পনা।

# স্বীকৃতি

Family Guidelines Workgroup, State Interagency Coordinating Council (SICC) (পারিবারিক নির্দেশনা ওয়ার্কগ্রুপ, রাজ্য ইন্টারএজেন্সি সমন্বয় পরিষদ) কমিটি এই পুস্তিকাটি তৈরি করেছে।

এর উদ্দেশ্য হল শিশু এবং প্রতিবন্ধী বাচ্চাদের পিতামাতাদের Individuals with Disabilities Education Act (IDEA)(প্রতিবন্ধী শিক্ষা আইন (আইডিয়া)) এর অধীনে প্রাথমিক স্তরে চিকিৎসা সেবাগুলি বুঝতে সাহায্য করা।

এই নির্দেশনার বিকাশে সময় ব্যয় করার জন্য কমিটির সদস্যদের অনেক ধন্যবাদ:

**Donna White, সভাপতি**

Department of Health, Maternal and Child Health (স্বাস্থ্য, মাতৃত্ব ও শিশু স্বাস্থ্য বিভাগ)

**Catherine Davis**

Us–Qwed–Eeth, Puyallup উপজাতি জন্ম থেকে ছয় বছরের প্রকল্প

**Heather Hebdon**

Specialized Training of Military Parents (STOMP) Project (সামরিক পিতামাতার বিশেষ প্রশিক্ষণ (এসটিওএমপি) প্রকল্প)

**Kathy Hormann**

শিশু উন্নয়ন কেন্দ্র, সুমনার

**Cassie Johnston**

Washington PAVE, অভিভাবকদের অংশগ্রহণ সমন্বয়কারী

**Lynne Leeper**

Washington PAVE, অভিভাবক প্রশিক্ষণ প্রকল্প

**Melanie Stafford**

Us–Qwed–Eeth, Puyallup উপজাতি জন্ম থেকে ছয় বছরের প্রকল্প

**Kathy Blodgett, কর্মী**

Department of Social and Health Services, former Washington State Infant Toddler Early Intervention Program (সামাজিক ও স্বাস্থ্য সেবা বিভাগ, প্রাক্তন ওয়াশিংটন রাজ্য শিশু নবজাতকদের প্রাথমিক স্তরে চিকিৎসা প্রোগ্রাম)

**Barbie Faubion, কর্মী**

Department of Social and Health Services, former Washington State Infant Toddler Early Intervention Program (সামাজিক ও স্বাস্থ্য সেবা বিভাগ, প্রাক্তন ওয়াশিংটন রাজ্য শিশু নবজাতকদের প্রাথমিক স্তরে চিকিৎসা প্রোগ্রাম)


---

অন্যান্য অভিভাবক এবং পেশাদারদের ধন্যবাদ যারা তাদের ধারণাগুলি ভাগাভাগি করেছেন:

**Rita Dickey, Linda Gil, Terri Larson, Kathy Lollar, Julie Martino, Kathie Moudy, Joni Strong, Diana Sandoval এবং Debbie Yanak.**

Maryland ও Pennsylvania রাজ্যগুলির জন্য একটি বিশেষ স্বীকৃতি যার পুস্তিকাগুলি Washington এর গাইডের জন্য মডেল হিসাবে কাজ করেছে।







*DCYF বৈষম্য করে না এবং জাতি, বর্ণ, লিঙ্গ, ধর্ম, ধর্ম, বিশ্বাস, বৈবাহিক অবস্থা, জাতিগত উৎপত্তি, যৌনতার ধরণ, বয়স, প্রবীণদের অবস্থা, বা কোনও শারীরিক, সংবেদনশীলতা, বা মানসিক অক্ষমতার উপস্থিতি নির্বিশেষে সমস্ত ব্যক্তির জন্য তার প্রোগ্রাম এবং সেবাগুলিতে সমান প্রবেশাধীকার প্রদান করে।*

*আপনি যদি একটি বিকল্প কাঠামো বা ভাষায় এই প্রকাশনার বিনামূল্যে কপি পেতে চান, তাহলে অনুগ্রহ করে DCYF Constituent Relations (গঠনমূলক সম্পর্ক)-এর সাথে 1-800-723-4831 নম্বরে যোগাযোগ করুন বা **communications@dcyf.wa.gov** এ ইমেল করুন।*

DCYF PUBLICATION FS_0002 | DEL 11-005 BN (07-2023) Bengali